উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

**সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্য-বিবরণী**

সভাপতি : জনাব মোহাম্মদ আবুল হোসেন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর।
তারিখ : ৩০ সেপ্টেম্বর, ২০২১ খ্রি:
সময় : সকাল ১২.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ হলরুম।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং "খ" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত মাননীয় সংসদ সদস্য মহোদয়কে আন্তরিক ধন্যবাদ জানান এবং অন্যান্য সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার মাননীয় সংসদ সদস্য মহোদয়কে স্বাগত জানান এবং তার উপস্থিতিতে জামালপুর সদর উপজেলার সার্বিক উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে আজকের সভায় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহিত হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার গত আগস্ট/২১ মাসের সভার কার্য-বিবরণী পাঠ করে শুনান। সভায় কার্য বিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। উপজেলা নির্বাহী অফিসার বিভাগওয়ারী আলোচনার জন্য বিভাগীয় কর্মকর্তাগণকে অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচী মোতাবেক নিম্ন বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| **১। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:** | | |
| (ক) উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২১ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত বাবদ মোট ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা এবং ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে প্রাপ্য ২৩,৭৮,০০০ (তেইশ লক্ষ আটাত্তর হাজার) টাকার চার কিস্তিতে সম্ভাব্য ৯৫,১২,০০০ (পচানব্বই লক্ষ বার হাজার ) টাকা সহ সর্বমোট ৪,৩১,২৩,১৮৫ (চার কোটি একত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঁচাশি) টাকা দ্বারা ১৫টি ইউনিয়ন পরিষদ থেকে দৃশ্যমান ও জনগুরুত্বপূর্ণ রাস্তার প্রকল্প সংশ্লিষ্ট দপ্তরে জমা দেওয়ার জন্য অনুরোধ জানান। | (ক) ২০২১-২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্তের ৩,৩৬,১১,১৮৫ (তিন কোটি ছত্রিশ লক্ষ এগারো হাজার একশত পঁচাশি) টাকা ও ২০২১-২২ অর্থ বছরের স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে সম্ভাব্য প্রাপ্য ৯৫,১২,০০০ (পঁচানব্বই লক্ষ বার হাজার) টাকা সহ সর্বমোট ৪,৩১,২৩,১৮৫ (চার কোটি একত্রিশ লক্ষ তেইশ হাজার একশত পঁচাশি) টাকা দ্বারা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর।<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। সংশ্লিষ্ট কমিটি |
| (খ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, এলজিইডি এর আওতায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় শাহবাজপুর ইউনিয়নের বংশাই খাল উপ-প্রকল্পের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রস্তাব পেশ করেন। | (খ) বিস্তারিত আলোচনান্তে এলজিইডি এর আওতায় ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় শাহবাজপুর ইউনিয়নের বংশাই খাল উপ-প্রকল্পের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পাঠানোর সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর। |
| (গ) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নীতিমালা মোতাবেক ইউনিয়নে পাকা বিল্ডিং তৈরি করতে হলে উপজেলা পরিষদ থেকে লে-আউট প্ল্যানের অনুমোদন নিতে হবে। ইতোমধ্যে দুইটি ইউনিয়ন থেকে দুই জন ব্যক্তি যথাক্রমে (১) মো: কাউছার রহমান ও মো: কামরুজ্জামান সুমন উভয় পিতা: মোখলেছুর রহমান জুয়েল, গ্রাম: খড়খড়িয়া | খ) স্থানীয় সরকার মন্ত্রণালয়নের নীতিমালা ও নির্দেশনা অনুসরণ করে নকশা ও অন্যান্য কাগজপত্র যাচাই বাছায়ান্তে (১) মো: কাউছার রহমান ও মো: কামরুজ্জামান সুমন উভয় পিতা: মোখলেছুর রহমান জুয়েল, | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, জামালপুর সদর। |

<table>
<tr>
<td>
দক্ষিণপাড়া, ০৯ নং রানাগাছা ইউনিয়ন পরিষদ এবং (২) মো: গোলাম এমরান, পিতা: মৃত আবু রায়হান সুলতানী, গ্রাম: সুলতান নগর, ১২ নং তিতপল্লা ইউনিয়ন পরিষদ প্ল্যান অনুমোদনের জন্য নকশা ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করেছেন। কাগজপত্র পর্যালোচনার প্রেক্ষিতে উভয় ব্যক্তির কাগজপত্র সঠিক পাওয়া গেছে বিধায় উক্ত ব্যক্তিদের নকশা অনুমোদন দেওয়ার সুপারিশ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।<br><br>
(ঘ) উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, স্থানীয় সরকার বিভাগ ও জাইকার আর্থিক সহায়তায় জামালপুর সদর উপজেলায় বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় সক্ষমতা উন্নয়ন প্রকল্প (৫ম পর্যায়) এর উপ-প্রকল্প সমূহ উপজেলা প্রকল্প বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে অত্র সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। উপ-প্রকল্প গুলো নিম্নরুপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>উপ-প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত বাজেট</th></tr>
<tr><td>০১</td><td>স্বাভাবিক প্রসব ও প্রসব পরবর্তি কালীন স্বাস্থ্য সেবা নিশ্চিত কল্পে গ্রামীণ ধাত্রীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।</td><td>১,৫৭,৩৮০</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলার বিভিন্ন ইউনিয়নের আগ্রহী কৃষকদের কফি চাষের আধুনিক কলাকৌশল বিষয়ক প্রশিক্ষণ।</td><td>১,৫৬,৭৮০</td></tr>
<tr><td>০৩</td><td>মাল্টিমিডিয়ার মাধ্যমে শ্রেণী কার্যক্রম পরিচালনার জন্য মাধ্যমিক পর্যায়ের গণিত ও ইংরেজী বিষয়ের শ্রেণী শিক্ষকদের ডিজিটাল কন্টেন্ট তৈরী বিষয়ক প্রশিক্ষণ।</td><td>১,৫৬,১৮০</td></tr>
<tr><td>০৪</td><td>উপজেলার বিভিন্ন ইউনিয়নের মৎস্যচাষীদের দেশীয় প্রজাতির মাছচাষ বিষয়ক প্রশিক্ষণ।</td><td>১,৫৫,৮৮০</td></tr>
<tr><td>০৫</td><td>জাতীয় তথ্য বাতায়নের উন্নয়নে উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মচারী ও ইউনিয়ন পরিষদের উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ।</td><td>১,৩০,৪৮০</td></tr>
<tr><td>০৬</td><td>স্থানীয় পর্যায়ের যানবাহন চালকদের ট্রাফিক ও সড়ক পরিবহন আইন-২০০৮ বিষয়ক প্রশিক্ষণ।</td><td>১,২০,৪৪০</td></tr>
<tr><td>০৭</td><td>জামালপুর সদর উপজেলার ৬টি ইউনিয়নের বিদ্যালয়ের ছাত্র/ছাত্রী ও অভিভাবকদের মাদক, বাল্যবিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ বিষয়ক ক্যাম্পেইন/আলোচনা সভা।</td><td>১,২২,৮৬০</td></tr>
</table>
মোট: দশ লক্ষ টাকা মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত)
</td>
<td>
গ্রাম: খড়খড়িয়া দক্ষিণপাড়া, ০৯ নং রানাগাছা ইউনিয়ন পরিষদ এবং (২) মো: গোলাম এমরান, পিতা: মৃত আবু রায়হান সুলতানী, গ্রাম: সুলতান নগর, ১২ নং তিতপল্লা ইউনিয়ন পরিষদ, উভয় ব্যক্তিকে লে-আউট প্ল্যানের অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>
(ঘ) সভায় বিস্তারিত আলোচনা ও মতামতের ভিত্তিতে উল্লেখিত উপ-প্রকল্প অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।
</td>
<td>
<br><br><br><br>
১। উপজেলা প্রকৌশলী
</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| **৬। পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, আগস্ট/২১ পর্যন্ত স্থায়ী সিজার লাইগেশন পদ্ধতি -২০ টি, ইমপ্লান্ট- ২৩৪ টি সেবা দেওয়া হয়েছে। এছাড়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক বাচ্চা প্রসব হয়েছে- ২৮ টি এবং সিজারিয়ান হয়েছে- ০০ টি, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব হয়েছে -৩৩ টি । | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| **৭। ত্রাণ ও পুর্ণবাসন:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে ত্রাণ ও দুর্যোগ মন্ত্রণালয় থেকে ৫০ বান্ডিল ডেউটিন ও ১,৫০,০০০ টাকার বরাদ্দ পাওয়া গেছে। জরুরী ভিত্তিতে বিতরণ করা প্রয়োজন। এছাড়া ২০২১-২২ অর্থ বছরের টি.আর/ কাবিখা ও কাবিটার বরাদ্দ পাওয়া গেছে। টি.আর/কাবিখা ও কাবিটার বরাদ্দ সংক্রান্ত নির্দেশকা-২০২১ প্রক্রিয়াধীন। এই নির্দেশিকা প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন করা হবে। এবং গো-খাদ্য, শিশু খাদ্য বতরণের বিষয়ে বিশদ আলোচনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ডেউটিন, গো-খাদ্য ও শিশু খাদ্য জরুরী ভিত্তিতে বিতরণের ব্যবস্থা সহ ২০২১-২২ অর্থ বছরের টি.আর/কাবিখা ও কাবিটার সরকারি নির্দেশনা মোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| **৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, ১২ সেপ্টেম্বর/২১ থেকে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান সরকার কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী শ্রেণী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারীদের কোভিড-১৯ ভ্যাকসিক গ্রহণ সম্পন্ন হয়েছে। গুরুতর অসুস্থ ও মাতৃত্ব জনিত কারণে কিছু সংখ্যক শিক্ষক-কর্মচারী ভ্যাকসিন গ্রহণ করে নাই। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক মাধ্যমিক স্তরের সকল শিক্ষক ও কর্মচারীদের কোভিড-১৯ টিকা প্রদান নিশ্চিত করতে হবে। এছাড়া সকল নির্দেশনা অনুসরণ পূর্বক শ্রেণী কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর। |
| **৯। শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, করোনাকালীন সময়ে বিদ্যালয় দীর্ঘদিন বন্ধ থাকার পর গত ১২/০৯/২০২১খ্রি. তারিখে পূনরায় চালু হওয়ায় বিদ্যালয় মাঠ ও পরিবেশ দূষণমুক্ত করে পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। পাঠদানের বিষয়ে অত্র উপজেলার উপজেলা শিক্ষা অফিসার ও সহকারি উপজেলা শিক্ষা অফিসারগণ বিদ্যালয় পাঠদান মনিটরিং জোরদার করেছেন। বর্তমানে বিদ্যলয় গুলোতে ৯০% শিক্ষার্থী উপস্থিত রয়েছে। এবং বিদ্যালয়গুলোতে পাঠদান কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা কঠোরভাবে অনুরসরণ পূর্বক শ্রেণী পাঠদান কার্যক্রম চালু রাখা সহ শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| **১০। মহিলা বিষয়ক বিভাগ:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, সেপ্টেম্বর/২১ মাসের পুষ্টি চাউল বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া প্রত্যেক ইউনিয়নে ১৭৭ জন মহিলাদের মধ্যে ৮০০ টাকা হিসাবে মাতৃত্ব ভাতার টাকা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নারী নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ বিষয়ে উঠান বৈঠক অব্যাহত আছে। এবং গত ২৯/০৯/২০২১খ্রি: তারিখে ১০০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়েছে। আগামী অক্টোবর/২১ থেকে ডিসেম্বর/২১ পর্যন্ত ৩মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক তার দপ্তরের অন্যান্য সকল কাজ সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা কঠোরভাবে পালন করাসহ জনসাধারণের সেবার মান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হবে। | উপজেলা মহিলা বিয়য়ক কর্মকর্তা, সদর। |

| | | |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, আগস্ট/২১ পর্যন্ত স্থায়ী সিজার লাইগেশন পদ্ধতি -২০ টি, ইমপ্লান্ট- ২৩৪ টি সেবা দেওয়া হয়েছে। এছাড়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক বাচ্চা প্রসব হয়েছে- ২৮ টি এবং সিজারিয়ান হয়েছে- ০০ টি, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব হয়েছে -৩৩ টি । | স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, সদর। |
| ৭। ত্রাণ ও পুর্ণবাসন:<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে ত্রাণ ও দূর্যোগ মন্ত্রণালয় থেকে ৫০ বান্ডিল ডেউটিন ও ১,৫০,০০০ টাকার বরাদ্দ পাওয়া গেছে। জরুরী ভিত্তিতে বিতরণ করা প্রয়োজন। এছাড়া ২০২১-২২ অর্থ বছরের টি.আর/ কাবিখা ও কাবিটার বরাদ্দ পাওয়া গেছে। টি.আর/কাবিখা ও কাবিটার বরাদ্দ সংক্রান্ত নির্দেশকা-২০২১ প্রক্রিয়াধীন। এই নির্দেশিকা প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন করা হবে। এবং গো-খাদ্য, শিশু খাদ্য বতরণের বিষয়ে বিশদ আলোচনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ডেউটিন, গো-খাদ্য ও শিশু খাদ্য জরুরী ভিত্তিতে বিতরণের ব্যবস্থা সহ ২০২১-২২ অর্থ বছরের টি.আর/কাবিখা ও কাবিটার সরকারি নির্দেশনা মোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর। |
| ৮। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় বলেন যে, ১২ সেপ্টেম্বর/২১ থেকে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান সরকার কর্তৃক নির্ধারিত নিয়ম অনুযায়ী শ্রেণী কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারীদের কোভিড-১৯ ভ্যাকসিক গ্রহণ সম্পন্ন হয়েছে। গুরুতর অসুস্থ ও মাতৃত্ব জনিত কারণে কিছু সংখ্যক শিক্ষক-কর্মচারী ভ্যাকসিন গ্রহণ করে নাই। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক মাধ্যমিক স্তরের সকল শিক্ষক ও কর্মচারীদের কোভিড-১৯ টিকা প্রদান নিশ্চিত করতে হবে। এছাড়া সকল নির্দেশনা অনুসরণ পূর্বক শ্রেণী কার্যক্রম চলমান রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর। |
| ৯। শিক্ষা বিভাগ:<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, করোনাকালীন সময়ে বিদ্যালয় দীর্ঘদিন বন্ধ থাকার পর গত ১২/০৯/২০২১খ্রি. তারিখে পূনরায় চালু হওয়ায় বিদ্যালয় মাঠ ও পরিবেশ দূষণমুক্ত করে পাঠদান কার্যক্রম পরিচালিত হচ্ছে। পাঠদানের বিষয়ে অত্র উপজেলার উপজেলা শিক্ষা অফিসার ও সহকারি উপজেলা শিক্ষা অফিসারগণ বিদ্যালয় পাঠদান মনিটরিং জোরদার করেছেন। বর্তমানে বিদ্যলয় গুলোতে ৯০% শিক্ষার্থী উপস্থিত রয়েছে। এবং বিদ্যালয়গুলোতে পাঠদান কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা কঠোরভাবে অনুরসরণ পূর্বক শ্রেণী পাঠদান কার্যক্রম চালু রাখা সহ শতভাগ উপস্থিতি নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, সদর। |
| ১০। মহিলা বিষয়ক বিভাগ:<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় বলেন যে, সেপ্টেম্বর/২১ মাসের পুষ্টি চাউল বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। এছাড়া প্রত্যেক ইউনিয়নে ১৭৭ জন মহিলাদের মধ্যে ৮০০ টাকা হিসাবে মাতৃত্ব ভাতার টাকা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নারী নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ বিষয়ে উঠান বৈঠক অব্যাহত আছে। এবং গত ২৯/০৯/২০২১খ্রিঃ তারিখে ১০০ জন প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়েছে। আগামী অক্টোবর/২১ থেকে ডিসেম্বর/২১ পর্যন্ত ৩মাস মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হবে। এছাড়া সরকারি নির্দেশনা মোতাবেক তার দপ্তরের অন্যান্য সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা কঠোরভাবে পালন করাসহ জনসাধারণের সেবার মান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হবে। | উপজেলা মহিলা বিয়য়ক কর্মকর্তা, সদর। |

| | | |
|---|---|---|
| **১১। সমাজসেবা বিভাগঃ**<br>উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় বলেন যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের নির্দেশনা মোতাবেক ইউনিয়ন/ওয়ার্ড ভিত্তিক ভাতাভোগীদের বিভিন্ন ধরনের সমস্যা সমাধান করে ওয়ার্ড ভিত্তিক তালিকা ইউনিয়নে প্রেরণ করা হয়েছে। ইউনিয়ন থেকে মোবাইল নম্বর যাচাই-বাছাই সহ মৃত, নিরুদ্দেশ, অযোগ্য ভাতা ভোগীদের প্রতিস্থাপন করে সমাজসেবা অফিসে পুনরায় প্রেরন করেছেন। | প্রাপ্ত ওয়ার্ড/ ইউনিয়ন ভিত্তিক তালিকার ভিত্তিতে পে-রোল করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>খ) উপজেলা ভাতা বাস্তবায়ন কমিটি।<br>গ) ইউনিয়ন ভাতা বাস্তবায়ন কমিটি। |
| **১২। যুব উন্নয়ন বিভাগঃ**<br>অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, সদর |
| **১৩। সমবায় বিভাগঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় দিগপাইত ও রানাগাছা ইউনিয়ন নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ এর ২২০ জন সদস্যদের মাঝে ১,২০,০০০ টাকা করে সর্বমোট বিতরণকৃত ঋণের পরিমাণ ৩,৩৮,০০,০০০ (তিন কোটি আটত্রিশ লক্ষ) টাকা। সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত আদায় যোগ্য ঋণের পরিমাণ ১,৫৫,০০,০০০ (এক কোটি পঞ্চান্ন লক্ষ টাকা) টাকা। ঋণ আদায়ের হার ৮৩%। এছাড়া অত্র উপজেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্পের ঋণ বিতরণের পরিমাণ ৬৭,৫৩,০০০ (সাতষট্টি লক্ষ তিপ্পান্ন হাজার) টাকা এবং উক্ত মাসে আদায়কৃত ঋণের পরিমাণ ৭৮,৭৭,২৪০ (আটাত্তর লক্ষ সাতাত্তর হাজার দুইশত চল্লিশ) টাকা। চলতি অর্থ বছরে আদায় যোগ্য সরকারি রাজস্ব (অডিট ফি, নিবন্ধন ফি, ভ্যাট ও সিডিএফ) বাবদ ৪৮,০০০ টাকা আদায় করে চালানের মাধ্যমে জমা করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ চলমান। | সমবায় বিভাগের ঋণ বিতরণ কার্যক্রম ও আদায় নিশ্চিত করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, সদর। |
| **১৪। বাংলাদেশ রুরাল ডেভেলপমেন্ট বোর্ড (বিআরডিবি):**<br>অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সদর |
| **১৫। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ**<br>উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় বলেন যে, "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ৩৯০টি সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকুপের মধ্যে ৩০টি গভীর নলকুপের টেষ্ট বোরিং চলমান রয়েছে এবং অবশিষ্ট গভীর নল কুপের ট্রেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১৫টি ওয়াশব্লকের মধ্যে ১৪টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। এবং চাহিদা ভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়) এর আওতায় ১৬টি বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে ৫টির কাজ সম্পন্ন হয়েছে এবং ৩টির কাজ চলমান আছে ও চাহিদা ভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় (১ম পর্যায়) এর আওতায় ১৪টি বরাদ্দ পাওয়া গেছে এর মধ্যে ৩টির কাজ সম্পন্ন হয়েছে এবং ৩টির কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতায় সকল প্রকল্পের কাজ সঠিক ভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য, জামালপুর সদর। |

<table>
<tr>
<td>১৬। বন বিভাগঃ<br>অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি।</td>
<td>সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করতে হবে।</td>
<td>উপজেলা বন কর্মকর্তা, সদর।</td>
</tr>
<tr>
<td>১৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জনাব মো: আশরাফুল আলম সভায় বলেন, প্রথম বারের মতো জামালপুর সদর উপজেলা পরিষদ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর অর্ন্তভুক্ত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানান। একই সাথে এই প্রকল্প বাস্তবায়নে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। তিনি বলেন ইউজিডিপির (৫ম পর্যায়) ২০২০-২১ অর্থ বছরে বাস্তবায়নের জন্য মোট ৬০(ষাঁট) লক্ষ টাকা (ভ্যাট আয়কর) ব্যতিত ব্যয় করা যাবে। এক্ষেত্রে ১০ (দশ) লক্ষ টাকা সক্ষমতা উন্নয়ন প্রকল্প এবং অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাবদ ব্যয় করা যাবে। প্রকল্পগুলো প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রকল্প তালিকা প্রেরণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান।</td>
<td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বাস্তবায়নের জন্য সক্ষমতা উন্নয়ন প্রকল্প ও অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলোর প্রকল্প প্রস্তাবনাসহ সকল কার্যাবলী সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।</td>
<td>ইউডিএফ, উপজেলা পরিষদ জামালপুর সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td>১৮। বিবিধঃ<br>(ক) <u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>উপজেলা প্রকৌশলী পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্ন বর্ণিত কাজ সম্পাদনের প্রস্তাব করেন।<br>(১) বাসাবাড়ি ও অফিস মেরামত।<br>(২) জাতীয় দিবস উদযাপন।<br>(৩) ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত।<br>(৪) অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য।<br>(৫) অফিসের জন্য বিভিন্ন ক্রোকারিজ সামগ্রী ক্রয়।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের বাসাবাড়ি ও অফিস মেরামত, জাতীয় দিবস উদযাপন, ভূ-গর্ভস্থ পানির লাইন মেরামত ও অ-প্রত্যাশিত খাত থেকে সাহায্য এবং অফিসের জন্য বিভিন্ন ক্রোকারিজ সামগ্রী ক্রয় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, জামালপুর।</td>
</tr>
<tr>
<td><u>(খ) রাজস্ব তহবিল সংক্রান্ত :</u><br>রাজস্ব তহবিলের ১৮ আগস্ট/২০২১ থেকে ২৯ সেপ্টেম্বর/২১ পর্যন্ত ব্যয়ের খাত সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>উপচে ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা</td><td>৯৪,০০০</td></tr>
<tr><td>জাতীয় দিবস উদযাপন</td><td>৬২,২১৯</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>২৩,১০০</td></tr>
<tr><td>পরিষদের আপ্যায়ন ব্যয় বাবদ</td><td>৩৭,৭৯৯</td></tr>
<tr><td>পরিষদের আনুষঙ্গিক ব্যয় বাবদ</td><td>৪,৯৮০</td></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>পরিষদের জীপগাড়ী মেরামত</td><td>৪৩,১৮০</td></tr>
<tr><td>বাসাবাড়ী ও অফিস মেরামত</td><td>১,৫৪,১৬৭</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত খাত থেকে বিভিন্ন সহযোগীতা</td><td>১,০০,০০০</td></tr>
<tr><td>অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত</td><td>১৫,৪৯৯</td></tr>
<tr><td>বিজ্ঞাপন বিল পরিশোধ</td><td>৩,১৩,৫৮৯</td></tr>
<tr><td>প্রকাশনা</td><td>৭,০০০</td></tr>
<tr><td>আসবাবপত্র ক্রয় ও মেরামত</td><td>২,০৯,৩৫৭</td></tr>
<tr><td>গ্রাম পুলিশদের বেতন ও উৎসব ভাতা</td><td>২৩,৬২,০০০</td></tr>
<tr><td>বিদ্যুৎ লাইন সংযোগ ও মিটার রিচার্জ বিল</td><td>৩৩,০০০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৩৪,৬৮,৬২৩</td></tr>
</table></td>
<td>বিস্তারিত আলোচনান্তে রাজস্ব তহবিলের আওতায় ১৮ আগস্ট /২০২১ থেকে ২৯ সেপ্টেম্বর/২১ মাসের ব্যয় উপস্থাপিত ছকে প্রদর্শিত খাত অনুসারে সর্বমোট ৩৪,৬৮,৬২৩ (চৌত্রিশ লক্ষ আটষট্টি হাজার ছয়শত তেইশ) টাকার ব্যয় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো।</td>
<td>সংশ্লিষ্ট আয়ন ব্যয়ন কর্মকর্তা।</td>
</tr>
</table>

এ পর্যায়ে মাননীয় সংসদ সদস্য (১৪২,জামালপুর-৫) জনাব আলহাজ্ব ইঞ্জিনিয়ার মোঃ মোজাফ্‌ফর হোসেন জামালপুর সদর উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া, উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন। করোনা ভাইরাস নিয়ন্ত্রণে মাস্ক ব্যবহার নিশ্চিতকতকরণ, সামাজিক দূরত্ব মেনে চলাসহ সরকারি সকল নির্দেশনা মেনে চলার পরামর্শ দেন। পাশাপাশি সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি যেন স্বাভাবিক থাকে সে বিষয়ে আইন প্রয়োগকারী সংস্থাকে সতর্কতা থাকার পরামর্শ দেন। এছাড়া আজকের সভায় গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সরকারি বরাদ্দের সর্বোচ্চ ব্যবহার করে জনগুরুত্বপূর্ণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের নির্দেশনা দেন।

পরিশেষে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর বলেন, জামালপুর সদরের উন্নয়নের স্বার্থে সকল সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতা, স্বচ্ছতার ও জবাবদিহিতার সহিত কাজ করতে হবে। উপজেলাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সবাইকে এক সাথে কাজ করার আহবান জানান। এছাড়া, উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্তের অর্থ দিয়ে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের রাস্তাঘাট নির্মাণ ও সংস্কারের নির্দেশনা প্রদান করেন এবং জরুরী ভিত্তিতে প্রকল্প জমা দেওয়ার জন্য অনুরোধ করেন। অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

A. Hossain
(মোহাম্মদ আবুল হোসেন)
চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং: ০৫.০০.৩৯৩৬.০০২.০৬.০০১.২১-৩৯৮ (ক) তারিখঃ ০৩ অক্টোবর, ২০২১ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য - ১৪২, জামালপুর- ৫, জামালপুর।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, জামালপুর।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৭। ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৮। উপজেলা..............................................................................অফিসার, জামালপুর সদর।
৯। চেয়ারম্যান ..............................................................................ইউনিয়ন পরিষদ, জামালপুর সদর।
১০। ..............................................................................জামালপুর সদর, জামালপুর।
১১। অফিস কপি।

০৩/১০/২১
(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নং ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd